

দৈনিক

ইনকিলাব

তারিখ . . . 28 . JUN . 2013 . . .
পৃষ্ঠা . . . ৬ . . . কলাম . . . ৬ . . .

বাংলাদেশের ৫৪ শিক্ষার্থী পেল ইউইউর ইরাসমাস মুভসে শিক্ষাবৃত্তি

কলেজিক রিপোর্টার : ইউরোপিয়ান ইউনিয়নের সঞ্চালনকর্তা ইরাসমাস মুভাস শিক্ষাবৃত্তি পেয়েছে বাংলাদেশের ৫৪ শিক্ষার্থী। গতকাল ঢাকায় ইউরোপীয় ইউনিয়ন কার্যালয়ে এ শিক্ষাবৃত্তিপ্রাপ্তি উপলক্ষে সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়।

সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন ইউরোপিয়ান ইউনিয়ন বাংলাদেশ প্রতিনিধি দলের প্রধান উইলিয়াম হানা। এসময় ইউরোপিয়ান ইউনিয়ন প্রতিনিধি দলের সকল কর্মকর্তারাও উপস্থিত ছিলেন।

প্রধান অতিথির বক্তব্যে উইলিয়াম হানা বলেন, ইউরোপীয় দেশে শিক্ষার অভিজ্ঞতা হতে শিক্ষার্থীকে সহায়তা করবে। তাদের এ অভিজ্ঞতাই পরবর্তীতে উন্নত বাংলাদেশ গড়ায় সহায়ক হবে।

ইরাসমাস মুভাস শিক্ষাবৃত্তির জন্য ২০১৩-১৪ শিক্ষাবর্ষে বাংলাদেশ থেকে ৫৪ জন শিক্ষার্থীকে বাছাই করা হয়েছে। আর এ ৫৪ শিক্ষার্থীর মধ্যে ১১ জন মহিলা শিক্ষার্থী।

বাছাইকৃত শিক্ষার্থীর এ বৃত্তির অধীনে অস্ট্রিয়া, বেলজিয়াম, ডেনমার্ক, ফ্রান্স, জার্মানি, গ্রিস, ইতালি, নেদারল্যান্ডস, পোল্যান্ড, পর্তুগাল, রোমানিয়া, স্পেন, সুইডেন, সুইজারল্যান্ড এবং নরওয়ের বিশ্ববিদ্যালয়গুলোতে অধ্যয়নের সুযোগ পাবে।